তারিখ ০3 SEP 199
পৃষ্ঠা ১ কলাম ৫

দৈনিক বাংলা

3

# শিক্ষাই মহিলাদের মুক্তির একমাত্র পথ ঃ ফার্স্ট লেডী

ময়মনসিংহ, ২রা সেপ্টেম্বর (বাসস)।– ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ, শিশুদের কল্যাণ সাধন নিশ্চিত করতে মহিলাদের শিক্ষিত ও আত্ম-নির্ভরশীল হওয়ার প্রয়োজনীয়তার ওপর আজ বিশেষ গুরুত্ব আরোপ করেন।

সমাজে মহিলাদের অবস্থান সমুন্নত

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

**ফার্স্ট লেডী** (প্রথম পৃঃ পর)

করতে আরো পরিকল্পিত কর্মসূচী গ্রহণের ওপরও তিনি গুরুত্ব প্রদান করেন।

দুর্দশাগ্রস্ত মহিলাদের মধ্যে ঋণ বিতরণ ও শিশুদের টিকা দানের জন্য সমাজকল্যাণ ডিরেক্টরেট আয়োজিত এক বিশাল মহিলা সমাবেশে বেগম এরশাদ ভাষণ দিচ্ছিলেন।

সমাজ কল্যাণমন্ত্রী রেজওয়ানুল হক চৌধুরী, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত অতিরিক্ত সচিব কাজী মঞ্জুর-ই-মওলা এবং মমতা ওয়াহাব এমপি'ও এ উপলক্ষে ভাষণ দেন।

ফার্স্ট লেডী বলেন, শিক্ষাই হলো মহিলাদের মুক্তির একমাত্র পথ এবং বর্তমানে মহিলাদের অধিকাংশই সমাজে এক নিপিড়ন ও বঞ্চনার জীবন যাপন করছে।

তিনি বলেন, শিক্ষা ও পেশাগত প্রশিক্ষণ মহিলাদের অর্থনৈতিক ও সামাজিকভাবে আত্মনির্ভরশীল করে তুলতে পারে।

তিনি আরো বলেন, 'সমাজে আমাদের অবস্থানকে সমুন্নত করতে সরকার যেসব সুযোগ-সুবিধা প্রদান করেছেন, আমাদের অবশ্যই তা গ্রহণ করতে হবে।'

বেগম এরশাদ দেশে শিশুদের একটি বিরাট অংশের অপুষ্টির বিষয় উল্লেখ করে বলেন, দারিদ্রই সর্ব ক্ষেত্রে অপুষ্টির কারণ নয়। অধিকাংশ ক্ষেত্রেই দেখা গেছে যে পুষ্টিকর খাবার গ্রহণের ব্যাপারে বাপ-মায়ের অজ্ঞতাই শিশু-দের মধ্যে অপুষ্টির কারণ ঘটায়।